

# যুগান্তর

প্রিন্ট: ২১ এপ্রিল ২০২৬, ০১:৪০ পিএম

শিক্ষাঙ্গন

## এমপিওভুক্ত শিক্ষকদের বদলি নিয়ে নতুন তথ্য

Advertisement



যুগান্তর প্রতিবেদন

প্রকাশ: ২০ এপ্রিল ২০২৬, ১১:০৯ এএম





ফাইল ছবি।

এমপিওভুক্ত শিক্ষাপ্রতিষ্ঠানের প্রধান ও সহকারী প্রধানসহ সব কর্মচারীকে এক সফটওয়্যারে অন্তর্ভুক্ত করে বদলির আওতায় আনতে যাচ্ছে সরকার। এই কার্যক্রমে ২০ এপ্রিল বদলি সফটওয়্যারের লাইভ হবে। সফটওয়্যারটি ওয়েবসাইটে দেওয়া হবে। এরপর থেকে শিক্ষকদের তথ্য এন্ট্রি করা যাবে।

রোববার (১৯ এপ্রিল) শিক্ষা মন্ত্রণালয়ের একজন অতিরিক্ত সচিব এ তথ্য জানিয়েছেন।

এর আগে, গত ২ এপ্রিল শিক্ষা মন্ত্রণালয়ে সভায় বদলির সফটওয়্যারেও আপডেট আনা হবে বলে সিদ্ধান্ত নেওয়া হয়। আর সংশোধিত বদলি নীতিমালা দ্রুত প্রকাশের ব্যাপারে তাগিদ দেওয়া হয়।

প্রসঙ্গত, বেসরকারি শিক্ষকদের বদলি নিয়ে উদ্যোগ নেয় শিক্ষা মন্ত্রণালয়। এরই ধারাবাহিকতায় শুধু এনটিআরসিএর সুপারিশপ্রাপ্ত শিক্ষকদের নয়, সর্বজনীন বদলি এক সফটওয়্যারে করার কার্যক্রম শুরু করা হয়। সফটওয়্যার তৈরির দায়িত্ব পায় টেলিটক লিমিটেড। শিগগিরিই সংশোধিত নীতিমালা প্রকাশ হতে পারে বলে জানা গেছে।

গণবিজ্ঞপ্তি থেকে শিক্ষা মন্ত্রণালয় তাদের আবেদন করার সুযোগ বন্ধ করে দেয়।

পরবর্তীতে শিক্ষকদের আন্দোলনের প্রেক্ষিতে বদলি চালুর উদ্যোগ নেয় শিক্ষা মন্ত্রণালয়। এজন্য একটি বদলি নীতিমালাও প্রণয়ন করা হয়। তবে শিক্ষকদের এক পক্ষের রিট, সফটওয়্যার প্রস্তুত না হওয়া, নীতিমালা সংশোধনসহ একাধিক কারণে এখনো বদলি কার্যক্রম শুরু হয়নি।